PROSHIKA
A CENTRE FOR HUMAN DEVELOPMENT

তারিখ: ৩১.১০.২০২৩

প্রতি
সকল কর্মী ও ব্যবস্থাপক
প্রশিকা সকল উন্নয়ন এলাকা।

বিষয় ঃ **সিদ্ধান্ত অনুসারে বেতন স্কেলের বর্ধিত অংশ প্রদান প্রসঙ্গে।**

প্রিয় সহকর্মী

আমি আনন্দের সাথে জানাচ্ছি যে, সংস্থার সর্বশেষ বেতন স্কেল নির্ধারণের পর দুই ধাপে বেতন স্কেল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় যা জানুয়ারি ২০২৪ থেকে বাকী অংশ মূল বেতনের সাথে যোগ হওয়ার কথা। কিন্তু বিব্রতকর হলেও সত্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের ঋণ আদায়ের OTR নিম্নগতি, Risk এবং New OD ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে যা কোন মতেই গ্রহণযোগ্য নয়। যেসব অনিয়মের তথ্য আমাদের নিকট রয়েছে তা নিম্নে তুলে ধরা হলো-

- পোর্টফোলিও বৃদ্ধির জন্য ভূয়া প্রকল্প প্রদান;
- টাকা না পেয়ে অগ্রিম মানি রশিদ কাটা;
- প্রকল্পের সম্ভাব্যতা যাচাই সঠিকভাবে না করার কারণে ভূয়া সদস্যদের কাছে ঋণ চলে যাওয়া। পরবর্তীতে সদস্য পলাতক রয়েছে বলে রিপোর্ট করা হয়।

যে সব কর্মী/ব্যবস্থাপকের ক্ষেত্রে উল্লেখিত অনিয়ম রয়েছে এবং তা কাটিয়ে উঠার তেমন কোন লক্ষ্য দেখা যাচ্ছে না তাদের জন্য বেতন স্কেল বৃদ্ধির বিষয়টি আপাতত স্থগিত থাকবে। তবে যখনই তাদের পারফরমেন্স গ্রহণযোগ্য মাত্রায় উন্নীত হবে তখনই তাদের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত নেয়া হবে।

আশা করি সকলেই পূর্বের ন্যায় প্রশিকার কাজের প্রতি আরও আন্তরিক ও সচেষ্ট হবে এবং নিজ নিজ পারফরমেন্স সর্বোচ্চ মাত্রায় নেওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকবে।

ধন্যবাদ।

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।